নিজ রুচি দেখান হইয়াছে। রাগানুগা ভক্তিতে তাহার প্রবৃত্তিও অর্থাৎ কায়িকী মানসীবৃত্তিও নিম্নলিখিত প্রকার বুঝিতে হইবে—

"সন্তুষ্টা শ্রদ্দধত্যেতদ্ যথা লাভেন জীবতি।
বিহরাম্যমুনৈবাহমাত্মনা রমণেন বৈ॥"

পিঙ্গলা অতঃপর যে উপায়ে নিজের দেহযাত্রা নির্ব্বাহ করিবেন, তাহাও স্বস্কল্পরূপে নিশ্চয় করিয়াছিলেন। আমি যথালাভেতে সন্তুষ্টা হইয়া শ্রীনারায়ণে দৃঢ়বিশ্বাসে জীবনযাত্রা নির্ব্বাহ করতঃ এই ভাবগর্ভরমণের সহিত মনের দ্বারাই বিহার করিব। অর্থাৎ শ্রীনারায়ণের সহিত প্রাকৃত দেহের দ্বারা রমণ সর্ব্বথাই অসম্ভব। যেহেতু তিনি নিত্য, জ্ঞান এবং সুখস্বরূপ, আমার দেহটি অনিত্য, অজ্ঞান এবং দুঃখস্বরূপ। অতএব এই দেহদ্বারা তাঁহার সহিত বিহার কোনও প্রকারেই সম্ভব নহে; কেবলমাত্র ভাবাত্মক মনের দ্বারাই তাঁহার সহিত ভাবময় রমণ সম্ভবে। রুচিপ্রধান এই রাগানুগা ভক্তিপথে মনেরই প্রাধান্য। তাহার কারণ এই যে—পিঙ্গলা এখনও প্রেয়সীরূপে সিদ্ধিলাভ করিতে পারে নাই। সুতরাং কান্তাভাবে রাগানুগা ভজন মনের দ্বারাই করা যুক্তিযুক্ত। এইরূপে সিদ্ধান্তের দ্বারা ইহাই প্রতিপন্ন হইল যে—পিঙ্গলা যদ্যপি বেশ্যা, তথাপি শ্রীপ্রতিমা প্রভৃতিতে আলিঙ্গন-চুম্বনাদিরূপ ঔদ্ধত্য করে নাই। এই-প্রকার পিতৃত্ব প্রভৃতিভাবেও অনুসন্ধান করিতে হইবে॥ ১১।৮॥ শ্রীপিঙ্গলা ॥ ৩১১॥

এবং প্রেয়সীত্বাভিমানময়ী দর্শিতা। এষা ব্রহ্মবৈবর্ত্তে কামকলায়ামপি দৃষ্টা। সেবকত্বাদ্যভিমানময্যাং রুচির্ভক্তিশ্চান্যত্র জ্ঞেয়া। তস্মাদমুস্তনুভৃতামিত্যাদাবুপনয় মাং নিজভৃত্যপার্শ্বমিতি শ্রীপ্রহ্লাদবচনবৎ। যথা—শ্রীনারদপঞ্চরাত্রাদৌ—কদাগম্ভীরয়া বাচা শ্রিয়া যুক্তো জগৎপতে। চামরব্যাগ্রহস্তং মামেবং কুর্ব্বিতি বক্ষ্যসীতি। যথা স্কান্দে সনৎকুমারপ্রোক্তসংহিতায়াং প্রভাকররাজোপাখ্যানে—অপুত্রোঽপি স বৈ নৈচ্ছৎ পুত্রং কর্ম্মানুচিন্তয়ন্। বাসুদেবং জগন্নাথং সর্ব্বাত্মানং সনাতনম্। অশেষোপনিষদ্-বেদ্যং পুত্রীকৃত্য বিধানতঃ। অভিষেচয়িতুং রাজা স্বরাজ উপচক্রমে। ন পুত্রমভ্যর্থিত-বান্ সাক্ষাদ্ভূতার্জ্জনার্দ্দনাৎ॥ অগ্রে ভগবদ্বরশ্চ, অহন্তে ভবিতাপুত্র ইত্যাদি। অত-এবোক্তং শ্রীনরায়ণব্যূহস্তবে—পতিপুত্রসুহৃদ্ভ্রাতৃপিতৃবন্মিত্রবদ্ধরিম্। যে ধ্যায়ন্তি সদোদ্যুক্তাস্তেভ্যো'হ'পাহ নমো নমঃ॥ ইতি॥ অত্র পত্যাদিবদিতি ধ্যেয়স্য, পিতৃব-দিতিধ্যাতুর্বিশেষণং জ্ঞেয়ম্। তথা মাতৃবদিতি বতিপ্রত্যয়েন প্রসিদ্ধতন্মাতৃজনা-ভেদ-ভাবনা নৈবাঙ্গীক্রিয়তে। কিন্তু তদনুগতভাবনৈব। এবং পিতৃভাবাদাবপি জ্ঞেয়ম্। অন্যথা ভগবত্যহংগ্রহোপাসনাবত্তেষপি দোষঃ স্যাৎ। তথা ধ্যায়ন্তীতি পূর্ব্বোক্তং মনঃপ্রধানত্বমেবোরীকৃতম্। অপি শব্দেনতত্ত্রাগসিদ্ধানাংকৈমুত্যমাক্ষিপ্যতে। নমু চোদনালক্ষণোঽর্থো ধর্ম্ম ইত্যনেন পূর্ব্বমীমাংসায়াং বিধিনৈবাপূর্ব্বং জায়তে ইতি